# 2024

# BENGALI

## ( Skill Enhancement Course )

Paper : BEN–SE–4014

( প্রুফ সংশোধন )

*Full Marks* : 50

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) পঙ্‌ক্তি (line)-এর প্রস্থকে কী বলে?

(খ) একটি লেখা তৈরি করা থেকে পত্রিকায় ছাপা হওয়া পর্যন্ত যে-কাজ তা কয়টি স্তরে বিভক্ত?

(গ) ছাপাখানার কর্মীদের মতে ম্যাটার কত প্রকার?

(ঘ) হট কম্পোজিশনে কী ধরনের হরফ ব্যবহৃত হয়?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬

(ক) কপি বলতে কী বোঝায়?

(খ) অপারেটরের কাজ কী?

(গ) কম্পোজিশন কত রকমের হয়? যে কোনো একরকমের নাম উল্লেখ করো।

৩। নীচের যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) কম্পোজিটর এবং অপারেটর সম্পর্কে যা জান, লেখো।

(খ) প্রুফ সংশোধনকালীন ত্রুটির কারণগুলো বর্ণনা করো।

(গ) প্রুফসংশোধনের দ্বিতীয় স্তরে কী কী কাজ করা প্রয়োজন তা লেখো।

(ঘ) প্রুফরিডারের দায়িত্ব কী তা সংক্ষেপে আলোচনা করো।

৪। নীচের যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো : ১০×৩=৩০

(ক) উপযুক্ত নির্দেশ সহকারে প্রুফ সংশোধনের চিহ্নগুলির বিবরণ দাও।

(খ) কপি লেখা, কম্পোজ করা ও সংশোধন করা—এই প্রক্রিয়ার সঙ্গে জড়িত কাজের বিভিন্ন স্তরগুলি আলোচনা করো।

(গ) হট ও কোল্ড কম্পোজিশন সম্পর্কে যা জান, লেখো।

(ঘ) প্রুফ বলতে কী বোঝায়? এর বিভিন্ন প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

(ঙ) হরফ বলতে কী বোঝায়? হরফের মাপ, বৈচিত্র্য, ইউনিট, পয়েন্ট সাইজ ও পাইকা সম্পর্কে আলোচনা করো।

(চ) নীচে দেওয়া মূল পাণ্ডুলিপির সাহায্যে অসংশোধিত প্রুফ অংশের অসংশোধিত ত্রুটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশ ও চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) ঔপন্যাসিক, সাংবাদিক, বাংলার নবজাগরণের অন্যতম প্রধান পুরুষ। ১৮৩৮ সালের ২৭ জুন চব্বিশ পরগনা জেলার কাঁঠালপাড়া গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। পিতা যাদবচন্দ্র চট্টোপাধ্যায় প্রথম দিকে ছিলেন ব্রিটিশ উপনিবেশিক সরকারের একজন কর্মকর্তা, পরে হুগলির ডেপুটি কালেক্টর হন। ১৮৫৮ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের যে দুজন ছাত্র বিএ পাস করেন, বঙ্কিমচন্দ্র ছিলেন তাঁদের একজন। তিনি তাঁর পিতার পদাঙ্ক অনুসরণ করে নিম্ন নির্বাহী চাকরিতে (সাব-অর্ডিনেট এক্সিকিউটিভ সার্ভিস) যোগ দেন এবং পরে ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর পদে চাকরি করেন। উপনিবেশিক সরকারের কর্মকর্তা হিসেবে বঙ্কিমচন্দ্র তাঁর দায়িত্ব দক্ষতার সঙ্গে পালন করেন। তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ কর্তৃপক্ষ তাঁকে ১৮৯১ সালে 'রায়বাহাদুর' এবং ১৮৯৪ সালে 'Companion of the Most Eminent Order of the Indian Empire' উপাধি প্রদান করে।

অসংশোধিত প্রুফ :

বঙ্কিনচন্দ্র চট্টোপাধ্যয় (১৮৩৮১৮৯৪) ঔপন্যাসি ক, শবাদিক, বাংলার নবজাঘরণনর অন্যতম প্রদন পুরুষ ১৮৩3 সালের ২৭ জুন চবিবশ পরগনা জেলার কাঁঠালপাড়া গ্রামে তিনি জন্মগ্রহ করে।

 ( Turn Over )

পিতা যাধধবচন্দ্র চট্টোপাধ্যায় প্রথম দিকে ছিলেন ব্রিটিশ উপনিবেশিক সরকারের একজন কর্মকর্তা, পরে হুগলি ডেপুটি কালেক্টর হন। ১৮৫৮ সালে কলকাতা বিশ্ববদ্যালয়ের প্রথম ব্যাচের যে দুজন ছাত্র বি এ পাস করেন, বঙ্কিমচন্দ্র ছিলেন তাদের একজন। তিনি তাঁর পিতার পদাঙ্ক অনুসরণ করে নিম্ন নির্বাহী চাকরিতে (সাব-অর্ডিনেট স্লিকিউটিভ সার্ভিস) যোগ দেন এবং পরে ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর পদে চাকরি করেন। উপনিবেশিক সরকারের কর্মকতর্তা হিসেবে বঙ্কিমচন্দ্র তাঁর দায়িত্ব দকক্ষতার সঙ্গে পা লন করেন। তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ কর্তৃপক্ষ তাঁকে ১৮৯১ স লে 'রায়বাহাদুর' এবং ১৮৯৪ সালে 'Companion of the Most Eminent Order the Indian Elmpire' উপাধি প্রদান করে।

★★★